

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
[hsp.sedp@gmail.com](mailto:hsp.sedp@gmail.com)



স্মারক নং-এইচএসপি/ MIS-সার্ভার৯৪/২০২০/ ২৭৬

তারিখ : ০১/০৫/২০২১ খ্রিঃ

**বিষয়: HSP MIS- এ ২০২০ সালের ষষ্ঠ ও নবম এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির জন্য প্রদত্ত ভুল হিসাব নম্বর সংশোধন করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সমন্বিত উপবৃত্তি কর্মসূচির(HSP) আওতায় ২০২০ সালের ষষ্ঠ ও নবম এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS-এ ডেটা এন্ট্রি করা হয়েছিল। এন্ট্রিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের ব্যাংক একাউন্ট সঠিক তাদের উপবৃত্তির টাকা ইতোমধ্যে G2P পদ্ধতিতে স্বস্ব একাউন্টে প্রেরণ করা হয়েছে। কিন্তু এন্ট্রিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের ব্যাংক একাউন্ট নম্বর অথবা তথ্যগত ভুল আছে তাদের উপবৃত্তির টাকা প্রেরণ করা সম্ভব হয়নি। HSP MIS-এ শিক্ষার্থীদের ডেটা এন্ট্রির ক্ষেত্রে একাউন্টের বিভিন্ন প্রকার ভুল তথ্য রয়েছে যেমন-একাউন্ট নম্বর ভুল, ব্যাংক/মোবাইল ব্যাংকের একাউন্ট নম্বর অন্য ব্যাংকে দেখানো, হিসাবধারীর নামের বানানের সাথে একাউন্টের নামের বানান মিল না থাকা ইত্যাদি। বর্তমান করোনা পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় তালিকায় উল্লেখিত ভুল একাউন্ট নম্বরসমূহ সংশোধনের বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা(সকল) ব্যাংক/মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

এমতাবস্থায়, ভুল একাউন্ট বা তথ্যের কারণে যে সকল শিক্ষার্থীর উপবৃত্তি টাকা প্রেরণ করা সম্ভব হয়নি তাদের তালিকা HSP-MIS-এ উন্মুক্ত করা হয়েছে। নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ পূর্ব কHSP MIS-এ বর্ণিত শিক্ষার্থীদের ভুল একাউন্ট নম্বর/তথ্যাদি আগামী ০৭-০৫-২০২১ইং তারিখের মধ্যে সংশোধন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ২০১৯-২০২০ অর্থ বছরের শিক্ষার্থীদের ভুল একাউন্ট নম্বর সংশোধনের নিয়মাবলী:**

- HSP-MIS-এ প্রবেশ করে মেনুবার অনুসরণ করে "উপবৃত্তি প্রাপ্য শিক্ষার্থী" বাটনে ক্লিক করুন।
- "শিক্ষার্থীর তথ্য আপডেট" বাটনে ক্লিক করুন।
- "শ্রেণি" অপশনে ক্লিক করে শ্রেণি সিলেক্ট করুন, এবং "শিক্ষার্থীর অবস্থা" অপশনে ক্লিক করে "ভুল পেমেন্ট তথ্য" সিলেক্ট করে "খুজুন" বাটনে ক্লিক করুন।
- শিক্ষার্থীর নামের তালিকায় কলম বাটনে  ক্লিক করে শিক্ষার্থীর ভুল তথ্য সংশোধন করে "সংরক্ষণ করুন" বাটনে ক্লিক করুন।

(শরীফ মোর্তজা মামুন)

স্কিম পরিচালক

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা(সকল)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রাম কো-অর্ডিনেটর পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৮। নির্বাহী পরিচালক, SPFMSP প্রকল্প, অর্থ বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
- ৯। ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা(সকল), তফসিলি ব্যাংক/মোবাইল আর্থিক কসুবিধা প্রদানকারী প্রতিষ্ঠান।
- ১০। সকল কর্মকর্তা সমন্বিত উপবৃত্তি কর্মসূচি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
- ১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা(সকল)।
- ১২। জেলা শিক্ষা কর্মকর্তা(সকল)।
- ১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
( মাউশি-র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৪। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।  
( পিএমইএটি-র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৫। সংরক্ষণ নথি।

(শ. ম. সাইফুল আলম)

উপপরিচালক

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি